গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ, জামালপুর
EIIN: 109725
website: www.bkuc.edu.bd
Email: bakshiganjkuc@ymail.com
টেলিফোন: ০২৯৯৭-৭৭৫৮০২

তারিখ: ১৭/০৯/২০২৬ খ্রি.

# ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে চূড়ান্ত ভর্তির বিজ্ঞপ্তি

২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের নিম্নোক্ত সময়সূচি ও পদ্ধতিতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা হবে।

## ভর্তির তারিখ ও সময়

| ভর্তির তারিখ | শাখা | সময় |
|---|---|---|
| ২০/০৯/২০২৬ খ্রি. হতে ২২/০৯/২০২৬ খ্রি. | মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা | সকাল ১০.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত |

## ভর্তি ফি

| মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখা | ভর্তি ফি |
|---|---|
| **ছাত্র** | **২৫০৪/-** |
| **ছাত্রী** | **২২৬৪/-** |

| বিজ্ঞান শাখা | ভর্তি ফি |
|---|---|
| **ছাত্র** | **২৬০৪/-** |
| **ছাত্রী** | **২৩৬৪/-** |

## ভর্তি ফি পেমেন্ট পদ্ধতি

**>** শিক্ষার্থীদের ২০/০৯/২০২৬ খ্রি. তারিখ বেলা ১২:০০ টা থেকে প্রথমে https://studentsheba.com সাইটে ভিজিট করতে হবে।
**>>** এরপর Student ID অপশনে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখতে হবে।
**>>>** ইনস্টিটিউট আইডি হিসেবে 109725 লিখে Login অপশনে ক্লিক করে শিক্ষার্থীর ফোন নম্বর টাইপ করে পেমেন্ট অপশন থেকে সাল হিসেবে **২০২৬** সিলেক্ট করে সোনালী ব্যাংক হিসাব/ডেবিট কার্ড/ক্রেডিট কার্ডসহ বিকাশ, রকেট, নগদ ইত্যাদি মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পেমেন্ট করতে হবে।
■ পেমেন্ট কমপ্লিট হওয়ার পর Money Receipt এর একটি পিডিএফ ফাইল অটোমেটিক তৈরী হবে, যা ডাউনলোডপূর্বক প্রিন্ট করে সংগ্রহ করতে হবে।

■ অনলাইন পেমেন্ট সম্পন্নের পর প্রাপ্ত Money Receipt প্রদর্শন করে শিক্ষার্থীদেরকে কলেজের **প্রশাসনিক ভবনের নিচতলা হিসাব শাখা, কক্ষ নং-১১০৬** থেকে বিনামূল্যে ভর্তির নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে।

■ ভর্তির ফরম সংগ্রহের পর যথাযথভাবে পূরণপূর্বক নিম্নবর্ণিত কাগজপত্রসমূহ ধারাবাহিকভাবে সাজিয়ে নিয়ে একাদশ শ্রেণির দুটি ক্লাস টেস্ট পরীক্ষার ফি ২১০/- টাকা অনলাইন ডেটাবেজ ফি ৪০/- টাকা এবং প্রসপেক্টাস, কলেজ ব্যাজ ও সোল্ডার ব্যাজ বাবদ ১০০/- টাকা **প্রশাসনিক ভবনের ২য় তলায় নির্ধারিত কাউন্টারে পরিশোধ করে ফরম জমা দিতে হবে।**

**ভর্তির জন্য যেসকল কাগজপত্র জমা দিতে হবে তা নিম্নরূপ:**

১। ভর্তির ফি অনলাইনে পেমেন্ট কনফার্মেশনের পর প্রাপ্ত Money Receipt এর institute copy;
২। ভর্তির আবেদন পত্রের উপরে ডান পার্শ্বে ছবির জন্য নির্ধারিত বক্সে ০৩ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি;
(প্রত্যেক ছবির পেছনে সঠিক বাংলা বানানে নাম লিখে প্যাকেটসহ যুক্ত করতে হবে);
৩। এস.এস.সি পরীক্ষার প্রশংসাপত্রের ০১ কপি ফটোকপি;
৪। এস.এস.সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও এডমিট কার্ডের ফটোকপি;
৫। শিক্ষার্থীর অনলাইন জন্মনিবন্ধন সনদের ০১ কপি ফটোকপি;
৬। শিক্ষার্থীর পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;
৭। কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কোটা সনদের মূল কপি উপস্থাপন ও সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে ।

## কলেজ ইউনিফর্মের বিবরণ

| ছাত্র | ছাত্রী |
|---|---|
| **সাদা শার্ট (সোল্ডরযুক্ত), কালো প্যান্ট ও সাদা ক্যাডস**<br>(কলেজের লোগো শার্টের পকেটে লাগাতে হবে) | **সাদা জামা (সোল্ডরযুক্ত), সাদা পাজামা, সাদা স্কার্ফ, সাদা ওড়না ও সাদা ক্যাডস**<br>(কলেজের লোগো জামার বাম হাতায় লাগাতে হবে)<br>উল্লেখ্য, পর্দানশীন ছাত্রীদের ক্ষেত্রে সাদা স্কার্ফ সমেত কালো বোরকার সাথে সাদা এ্যাপ্রোন। |
| **ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের দ্রুততম সময়ের মধ্যে ইউনিফর্ম প্রস্তুত সম্পন্ন করতে হবে** | |

ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য প্রয়োজনে যোগাযোগ : **১। জনাব মোঃ রবিউল ইসলাম, সহকারী অধ্যাপক, ইসলামের ই.ই. ও সংস্কৃতি (০১৯১৩৭৭৮৫৩৬)**
**২। জনাব বিজয় কুমার নাগ, প্রভাষক, পদার্থবিদ্যা (০১৭২৩০০৮৪১৫)**
**৩। জনাব পল্লব কুমার রায়, প্রভাষক, কৃষিবিজ্ঞান (০১৩০৩৬৯৮১১৭)**

**বি.দ্র: ভর্তিকৃত শিক্ষার্থীদের আগামী ২৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি. রোজ বৃহস্পতিবার ক্লাস শুরু হবে।**

১৭/০৯/২০২৬
(মোহাম্মদ আবু সাইদ)
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ
বকশীগঞ্জ, জামালপুর।

১৭/০৯/২০২৬
আহবায়ক
২০২৬-২০২৭ শিক্ষাবর্ষ একাদশ শ্রেণি ভর্তি কমিটি
বকশীগঞ্জ সরকারি কিয়ামত উল্লাহ কলেজ
বকশীগঞ্জ, জামালপুর।